MAR. 22 [redacted]

দৈনিক ইত্তেফাক

তারিখ ...............
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 6 ...

# চা-বাগান শ্রমিকদের জন্য শিক্ষা উন্নয়ন ট্রাষ্ট গঠিত

শ্রীমঙ্গল সংবাদদাতা ।। চা বাগান শ্রমিকদের লেখাপড়ার মানোন্নয়নের জন্য 'চা বাগান শ্রমিক শিক্ষা উন্নয়ন ট্রাষ্ট' নামে একটি ট্রাষ্ট গঠন করা হইয়াছে। গত ৮ই ফেব্রুয়ারী বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এই ট্রাষ্ট অনুমোদন করা হয়।

শিক্ষাক্ষেত্রে পশ্চাদপদ দেশের চা শ্রমিক সম্প্রদায়ের শিক্ষা-দীক্ষার মানোন্নয়নের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী এক কোটি টাকার একটি মঞ্জুরী প্রদান করেন। বাংলাদেশ চা বোর্ড সূত্রে জানা যায় গতানুগতিক শিক্ষাব্যবস্থার পাশাপাশি কর্মমুখী শিক্ষায় চা শ্রমিক পরিবারের সদস্যদের শিক্ষিত করিয়া তোলার লক্ষ্যে প্রধানমন্ত্রীর মঞ্জুরীকৃত এই অর্থ ব্যয় করা হইবে। এই লক্ষ্যে ১১ সদস্যবিশিষ্ট একটি ট্রাষ্টি বোর্ড গঠন করা হইয়াছে। বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যানকে ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান এবং প্রকল্প উন্নয়ন ইউনিটের পরিচালককে সদস্য সচিব করিয়া গঠিত ট্রাষ্ট বোর্ডে মৌলবীবাজারের জেলা প্রশাসক, শ্রম মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রাণালয়ের দুইজন উপ সচিব বাংলাদেশীয় চা সংসদ ও বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিরা অন্তর্ভুক্ত রহিয়াছেন।

আর এই অপকর্মে এক শ্রেণীর রেল পুলিশ ও ট্রেন ষ্টাফের সংশ্লিষ্টতার অভিযোগও রহিয়াছে।

## ভারতীয় বিড়ি আটক

গত ১৫ইমার্চ শ্রীমঙ্গলস্থ ৩১ রাইফেল ব্যাটেলিয়নের সদস্যরা সমশের নগর মৌলভীবাজার সড়কে বাস-যোগে পরিবহনকালে প্রায় ৩ লক্ষ ভারতীয় নাসির বিড়ি আটক করে। গোপন সংবাদের সূত্রে বিডি আর বাহিনী রাস্তায় বাস আটক করিয়া বিড়ি উদ্ধার করিলেও ইহার কোন মালিক পাওয়া যায় নাই।

## চোরাই সেগুন কাঠ উদ্ধার

গত ১৪ই মার্চ কমলগঞ্জ উপ-জেলাধীন ভানুগাছ বাজারের একটি 'স' মিল হইতে বিডিআর বাহিনী বিপুল পরিমাণ চোরাই কাঠ উদ্ধার করিয়াছে।

শ্রীমঙ্গলস্থ ৩১ রাইফেল ব্যাটেলিয়নের সদস্যরা ভানুগাছ বাজারের গাউসিয়া স মিলে এক অভিযান চালাইয়া ৩শত ৮৫ ঘনফুট চোরাই সেগুন ও অন্যান্য মূল্যবান কাঠ আটক করে। এ ব্যাপারে মিলের মালিক মুহিবুর রহমানের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হইয়াছে।